

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৩.০০৭.২০.৬৪

তারিখ: ৩১ শ্রাবণ ১৪২৭
১৫ আগস্ট ২০২০

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি মোঃ মোফাজ্জল হোসেন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে সিদরাত ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১৪০৪) এর স্বত্বাধিকারি হিসেবে হজ পোর্টালে অন-লাইনে ২ জন নিবন্ধিত ব্যক্তির নিবন্ধন বাতিলপূর্বক টাকা ফেরতের আবেদন করেছেন। আবেদনসমূহ যাচাইয়ের জন্য হজযাত্রীদের সংগে যোগাযোগ করা হলে তারা জানান নিবন্ধন বাতিল করার জন্য এজেন্সিকে কখনো নির্দেশনা প্রদান করেননি। তথাপিও আপনার এজেন্সি কর্তৃক হজযাত্রীদের নাম অন্তর্ভুক্ত করে নিবন্ধন বাতিলপূর্বক রিফান্ডের আবেদন করা হয়েছে। এতে প্রতীয়মান হয় আপনি অন-লাইন আবেদন দাখিলের সময় বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করেছেন; যা জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। আপনার মালিকানাধীন সিদরাত ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১৪০৪) হজ এজেন্সির লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ২ দিনের মধ্যে ই-মেইলে morahajsection@gmail.com ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথা পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫-৮-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব

ইমেইল: hajj_sec1@mora.gov.bd


জনাব মোঃ মোফাজ্জল হোসেন, ম্যানেজিং পার্টনার,
সিদরাত ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাইসেন্স
নং-১৪০৪), ৫৭, নুর ভিলা, মাদরাসা রোড, দক্ষিণখান
উত্তরা, ঢাকা-১২৩০

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৩.০০৭.২০.৬৪/১(৯)

তারিখ: ৩১ শ্রাবণ ১৪২৭
১৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৫) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
- ৬) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা (বর্ণিত এজেন্সির ইউজার আইডি এবং পাসওয়ার্ড বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ৮) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা (হজযাত্রীর নিবন্ধন বাতিল ও টাকা ফেরতের জন্য অন লাইনে আবেদন করার সময় যেন সংশ্লিষ্ট এজেন্সি যেন আবশ্যিকভাবে সতর্কতা অবলম্বন করে সে বিষয়ে সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বা অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট এজেন্সির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে)।
- ৯) অফিস কপি



১৫-৮-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব